কোভিড ১৯ প্রেক্ষিতে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়: ইসলাম শিক্ষা

পত্র: প্রথম

বিষয় কোড: ২৪৯

কোভিড ১৯ প্রেক্ষিতে ২০২২ সালের এইচএসসি পরীক্ষার পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি

বিষয়ঃ ইসলাম শিক্ষা **পত্রঃ ১ম পত্র** **বিষয় কোডঃ ২৪৯** **পূর্ণ নম্বরঃ ১০০** **তত্ত্বীয় নম্বরঃ ১০০** **ব্যাবহারিক নম্বরঃ ০০**

অধ্যায় ও শিরোনাম	পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু	প্রয়োজনীয় ক্লাশ সংখ্যা	ক্লাশের ক্রম	মন্তব্য
প্রথম অধ্যায়: ইসলামি শিক্ষা ও সংস্কৃতি (আংশিক)	১.ইসলাম শিক্ষার পরিচয়, উদ্দেশ্য ও বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা এবং ইসলাম ও নৈতিক শিক্ষা পাঠের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ২. কুরআন, হাদিস, ইসলামের মৌলিক জ্ঞান, রীতি-নীতি, আচার-আচরণ, আদব আখলাক শিক্ষা দানে মক্তবের ভূমিকা, গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে এবং মক্তব প্রতিষ্ঠায় সহায়তা করতে উদ্বুদ্ধ হবে। ৩. ইসলামি সংস্কৃতির পরিচয় ও এর বিভিন্ন দিক ব্যাখ্যা করতে পারবে এবং ইসলামি সংস্কৃতির আলোকে নৈতিক জীবন গঠনে উদ্বুদ্ধ হবে।	• ইসলাম শিক্ষা: পরিচয়, উদ্দেশ্য, বৈশিষ্ট্য ও তাৎপর্য	২	১ম,২য়	
		• ইসলাম শিক্ষায় মক্তব: পরিচয়,কার্যাবলী,প্রয়োজনীয়তা	২	৩য়,৪র্থ	
		• ইসলামি সংস্কৃতি: পরিচয় ও এর বিভিন্ন দিক	৩	৫ম,৬ষ্ঠ,৭ম	
দ্বিতীয় অধ্যায়: ইসলাম ও ব্যক্তি জীবন (আংশিক)	৮. হালাল উপার্জনের গুরুত্ব ও হারাম উপার্জনের পরিণতি বিশ্লেষণ করতে পারবে এবং বাস্তব জীবনে হালাল উপার্জন করতে ও হারাম উপার্জন থেকে বিরত থাকতে অনুপ্রাণিত হবে। ৯. দেশপ্রেমের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে এবং দেশপ্রেমী হতে উদ্বুদ্ধ হবে। ১০. নারীর অধিকার ও নারীর প্রতি সম্মান প্রদর্শনের প্রয়োজনীয়তা উপলব্ধি করবে এবং পরস্পর পরস্পরের প্রতি প্রতি সম্মান প্রদর্শন করতে অনুপ্রাণিত হবে। ১১. শিশু অধিকার ব্যাখ্যা করতে পারবে এবং শিশু অধিকার সংরক্ষণে ও বাস্তবায়নে ভূমিকা রাখতে উদ্বুদ্ধ হবে। ১২. প্রতিবন্ধীদের অধিকার ব্যাখ্যা করতে পারবে এবং প্রতিবন্ধী অধিকার সংরক্ষণ ও বাস্তবায়নে ভূমিকা রাখতে উদ্বুদ্ধ হবে।	• হালাল উপার্জন: গুরুত্ব , হারাম উপার্জনের কুফল ও পরিণাম	৩	৮ম-১০ম	
		• দেশপ্রেম: গুরুত্ব ও তাৎপর্য	২	১১শ, ১২শ	
		• নারীর অধিকার ও নারীর প্রতি সম্মানবোধ	২	১৩শ, ১৪শ	
		• শিশু অধিকার	২	১৫শ, ১৬শ	
		• প্রতিবন্ধীর অধিকার	২	১৭শ, ১৮শ	
তৃতীয় অধ্যায়: ইসলাম ও পারিবারিক জীবন	১. ইসলামি পারিবারিক জীবনের ধারণা লাভ করতে পারবে। ২. পারিবারিক জীবনে ইসলামের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ৩. ইসলামের আলোকে পরিবারের সদস্যদের অধিকার, দায়িত্ব ও কর্তব্য ব্যাখ্যা করতে পারবে এবং পরিবারের প্রতি দাযিত্ববান ও কর্তব্যপরায়ণ	• ইসলামি পরিবার	২	১৯শ, ২০শ	
		• ইসলামি পরিবারের গুরুত্ব ও তাৎপর্য	২	২১শ, ২২শ	
		• পারিবারে পিতা-মাতা, ভাই-বোন, স্বামী-স্ত্রী ও সন্তান-সন্ততির পারস্পরিক	৪	২৩শ-২৬শ	

অধ্যায় ও শিরোনাম	পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু	প্রয়োজনীয় ক্লাশ সংখ্যা	ক্লাশের ক্রম	মন্তব্য
	হতে উৎসাহী হবে। ৪. নৈতিক ও মানবিক জীবন গঠনে পরিবারের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে এবং এর আলোকে জীবন গঠনে উদ্বুদ্ধ হবে।	অধিকার ও কর্তব্য			
		● নৈতিক ও মানবিক জীবন গঠনে পরিবারের ভূমিকা	২	২৭শ,২৮শ	
চতুর্থ অধ্যায়: ইসলাম ও সমাজ জীবন	১.ইসলামি সমাজব্যবস্থার বৈশিষ্ট্য ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ২. আত্মীয়-স্বজন ও প্রতিবেশির অধিকার ও কর্তব্য ব্যাখ্যা করতে পারবে এবং আত্মীয়-স্বজন ও প্রতিবেশির অধিকার সংরক্ষণ ও তাদের প্রতি কর্তব্য পালনে অনুপ্রাণিত হবে। ৩. ইসলামি সমাজে মসজিদের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে এবং মসজিদ কেন্দ্রিক সামাজিক ও উন্নয়নমূলক কাজে নিজেকে জড়িত রাখতে উদ্বুদ্ধ হবে। ৪. ইসলামি সমাজ বিনির্মানে ইমামের দায়িত্ব ও কর্তব্য ব্যাখ্যা করতে পারবে এবং গণশিক্ষা, আর্থসামাজিক ও জনকল্যাণমূলক কর্মকাণ্ড পরিচালনায় সহায়তা করতে উদ্বুদ্ধ হবে। ৫.ন্যায় বিচার (আদল) এর তাৎপর্য বিশ্লেষণ করতে পারবে এবং জীবনের সকল অবস্থায় ন্যায় বিচার প্রতিষ্ঠায় উদ্বুদ্ধ হবে। ৬. সামাজিক নিরাপত্তা প্রতিষ্ঠায় সৎকাজের আদেশ ও অসৎ কাজে নিষেধ (আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকার)-এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে এবং নিজে সৎকাজের আদেশ দান ও অসৎকাজে নিষেধ করতে অনুপ্রাণিত হবে। ৭. সমাজে শান্তি ও ন্যায় বিচার প্রতিষ্ঠায় জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে। ৮. জিহাদ ও সন্ত্রাসবাদের পার্থক্য বিশ্লেষণ করতে পারবে, সন্ত্রাসবাদের কুফল ব্যাখ্যা করতে পারবে এবং সন্ত্রাসবাদ পরিহার করতে উদ্বুদ্ধ হবে। ৯. সামাজিক অনাচার প্রতিরোধে ইসলামের ভূমিকা বিশ্লেষণ করতে পারবে এবং সামাজিক অনাচার পরিহারে উদ্বুদ্ধ হবে। ১০. সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তিময় সমাজ গঠনে ইসলামের ভূীমকা বিশ্লেষণ করতে পারবে।	● ইসলামি সমাজব্যবস্থা : পরিচয়, বৈশিষ্ট্য ও গুরুত্ব	২	২৯শ,৩০শ	
		●আত্মীয়-স্বজনের অধিকার ও কর্তব্য	২	৩১শ,৩২শ	
		● প্রতিবেশির অধিকার ও কর্তব্য	২	৩৩শ,৩৪শ	
		● ইসলামি সমাজে মসজিদের ভূমিকা ও গুরুত্ব : মসজিদ কেন্দ্রিক সমাজ ব্যবস্থা, নিরক্ষরতা্ দূরীকরণ, গণশিক্ষা কার্যক্রম পরিচালনা ও সমাজের বিভিন্ন সমস্যার সমাধানে দিকনির্শেনা	৪	৩৫শ-৩৮শ,	
		● ইমামের দায়িত্ব ও কর্তব্য : গণশিক্ষা পরিচালনায় নেতৃত্বদান, সামাজিক সমস্যা সমাধানে সহায়তা প্রদান, পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা, আর্থ-সামাজিক কর্মকাণ্ডে দিকনির্দেশনা প্রদান, সমসাময়িক জনকল্যাণমূলক বিষয়াদি সম্পর্কে মুসলিমদের অবহিতকরণ	২	৩৯শ,৪০শ	
		● ন্যায় বিচার (আদল) প্রতিষ্ঠা : পরিচয়, গুরুত্ব ও প্রয়োজনীয়তা	২	৪১শ, ৪২শ	
		● সামাজিক নিরাপত্তা প্রতিষ্ঠায় সৎকাজের আদেশ ও অসৎ কাজে নিষেধ (আমর বিল মারুফ ও নাহি আনিল মুনকার) : গুরুত্ব ও তাৎপর্য	৩	৪৩শ-৪৫শ	
		● সমাজে শান্তি ও ন্যায় বিচার প্রতিষ্ঠায় জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা	২	৪৬শ, ৪৭শ	
		● সন্ত্রাস দমনে জিহাদ	১	৪৮শ	
		● সামাজিক অনাচার : মিথ্যাচার,	৫		

অধ্যায় ও শিরোনাম	পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু	প্রয়োজনীয় ক্লাশ সংখ্যা	ক্লাশের ক্রম	মন্তব্য
		প্রতারণা, গিবত, অসৎসঙ্গ, সুদ-ঘুষ, জুয়া, মাদকাসক্তি,ধুমপান, অধিকারহরণ, চুরি, ডাকাতি, অপহরণ, ছিনতাই, হত্যা, আত্মহত্যা, যৌতুক, নারী নির্যাতন, ইভটিজিং, খাদ্যদ্রব্যে ভেজাল, দুর্নীতি, ইত্যাদির ধারণা, কুফল ও পরিহারের উপায় এবং এসব প্রতিরোধে ইসলামের ভূমিকা		৪৯শ-৫৩তম	
		• সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তিময় সমাজ গঠনে ইসলামের ভূমিকা	২	৫৪তম, ৫৫তম	
পঞ্চম অধ্যায়: ইসলামের অর্থব্যবস্থা	১. ইসলামি অর্থব্যবস্থার ধারণা, বৈশিষ্ট্য ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। ২. ইসলামি অর্থব্যবস্থায় আয়ের উৎস- যাকাত, উশর, খারাজ, সাদাকাত সম্পর্কে জ্ঞান লাভ করতে পারবে। ৩. ইসলামি অর্থব্যবস্থার সাথে অন্যান্য অর্থব্যবস্থার তুলনামূলক আলোচনা করতে পারবে এবং বাস্তব জীবনে ইসলামি অর্থব্যবস্থা প্রয়োগে উৎসাহী হবে। ৪. ইসলামি ব্যাংকিং এর ধারণা, গুরুত্ব ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবে।	• ইসলামি অর্থব্যবস্থা: ধারণা, বৈশিষ্ট্য, গুরুত্ব	২	৫৬তম, ৫৭তম	
		• ইসলামি অর্থব্যবস্থায় রাষ্ট্রীয় আয়ের উৎসসমূহ- যাকাত, উশর, খারাজ ও সাদাকাত	২	৫৮তম, ৫৯তম	
		• ইসলামি অর্থব্যবস্থার সাথে অন্যান্য অর্থব্যবস্থার তুলনামূলক পর্যালোচনা	২	৬০তম, ৬১তম	
		• ইসলামি ব্যাংকিং: ধারণা, গুরুত্ব ও প্রয়োজনীয়তা	২	৬২তম, ৬৩তম	
সপ্তম অধ্যায়: ইসলামের আন্তর্জাতিক ব্যবস্থা	১. ভ্রাতৃত্ব (উখওয়াত)-এর গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে এবং বিশ্বভ্রাতৃত্ব প্রতিষ্ঠায় অবদান রাখতে উদ্বুদ্ধ হবে। ২. বিশ্বশান্তি প্রতিষ্ঠায় মুসলিম উম্মাহর দায়িত্ব বিশ্লেষণ করতে পারবে। ৩. ইসলামি দাওয়াতের গুরুত্ব, প্রয়োজনীয়তা, দাওয়াতের মাধ্যম, কৌশল ও দাঈ -এর গুণাবলি বিশ্লেষণ করতে পারবে এবং বাস্তব জীবনে ইসলামের দাঈ হতে অনুপ্রাণিত হবে। ৪. খিদমতে খালক -এর ধারণা বিশ্লেষণ করতে পারবে এবং সৃষ্টির সেবায় নিজেকে নিয়োজিত রাখতে উৎসাহিত হবে। ৫. মানবাধিকার সংরক্ষণে ইসলামের ভুমিকা ব্যাখ্যা করতে পারবে এবং বাস্তব জীবনে মানবাধিকার সংরক্ষণে উদ্বুদ্ধ হবে।	• ভ্রাতৃত্ব (উখওয়াত): ধারণা, বিশ্বভ্রাতৃত্ব প্রতিষ্ঠায় এর গুরুত্ব	২	৬৪তম, ৬৫তম	
		• উম্মাহ: ধারণা, বিশ্বশান্তি প্রতিষ্ঠায় মুসলিম উম্মাহ -এর দায়িত্ব ও কর্তব্য	২	৬৬তম, ৬৭তম	
		• ইসলামি দাওয়া: পরিচয়, গুরুত্ব ও তাৎপর্য, মাধ্যম, কৌশল এবং দাঈ -এর গুণাবলি	২	৬৮তম, ৬৯তম	
		• খিদমতে খালক: খিদমতে খালকের ধারণা, সৃষ্টির সেবায় মানুষের দায়িত্ব ও	২	৭০তম, ৭১তম	

অধ্যায় ও শিরোনাম	পাঠ্যপুস্তকে উল্লিখিত শিখনফল	বিষয়বস্তু	প্রয়োজনীয় ক্লাশ সংখ্যা	ক্লাশের ক্রম	মন্তব্য
	৬. পরিবেশ সংরক্ষণে ইসলামের ভূমিকা ব্যাখ্যা করতে পারবে এবং বাস্তব জীবনে পরিবেশ সংরক্ষণে অবদান রাখতে উৎসাহী হবে। ৭. ইসলামে আন্তর্জাতিক সম্পর্কের ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে এবং আন্তর্জাতিক অঙ্গনে শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখতে অনুপ্রাণিত হবে।	কর্তব্য মানবাধিকার সংরক্ষণে ইসলাম			
		● পরিবেশ সংরক্ষণে ইসলাম	২	৭২তম, ৭৩তম	
		● ইসলামে আন্তর্জাতিক সম্পর্ক : ধারণা, গুরুত্ব ও তাৎপর্য	২	৭৪তম, ৭৫তম	
		সর্বমোট	৭৫		

মান বণ্টন: প্রশ্নপত্রের ধারা ও মান বণ্টন অপরিবর্তিত থাকবে।